

# গ্রিন ইউনিভার্সিটির নতুন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ শরীফ উদ্দিন

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ৩০ মার্চ ২০২৪, ১৮:০৭



গ্রিন ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শরীফ উদ্দিন। বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এ নিয়োগ দিয়েছেন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব ড. মো. ফরহাদ হোসেন স্বাক্ষরিত এক আদেশে বলা হয়, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এর ৩১ (১) ধারা অনুযায়ী ড. মোহাম্মদ শরীফ উদ্দিনকে গ্রিন ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হলো।

অধ্যাপক ড. মোহাম্মদ শরীফ উদ্দিন ১৯৯১ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে স্নাতক সম্পন্ন করেন। ১৯৯৯ সালে জাপানের শিগা বিশ্ববিদ্যালয় থেকে প্রযুক্তি শিক্ষায় মাস্টার্স এবং ২০০২ সালে কিয়েটো ইনস্টিটিউট থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন তিনি। এছাড়া ২০১৩ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ ডিগ্রি নেন ড. শরীফ উদ্দিন।

১৯৯১ সালে চট্টগ্রামের বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজিতে (বর্তমান চুয়েট) প্রভাষক হিসেবে যোগদানের মাধ্যমে শিক্ষকতা জীবন শুরু করেন অধ্যাপক শরীফ। ১৯৯২ সালে যোগ দেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সিএসই বিভাগে। শিক্ষকতা জীবনে তিনি কম্পিউটার সায়েন্স বিভাগের চেয়ারম্যান এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেলের ইনচার্জসহ বিভিন্ন দায়িত্ব পালন করেছেন। পাশাপাশি অ্যাকাডেমিক বিভিন্ন বিষয়ে দেশ-বিদেশে নানা ধরনের গবেষণামূলক কাজে যুক্ত ছিলেন বরণ্য এই অধ্যাপক। এলসেভিয়ার, স্প্রিংগার ও আইইইইসহ বিশ্বখ্যাত জার্নালে দুই শতাধিক গবেষণা প্রবন্ধ রয়েছে তার। এছাড়া জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের অসংখ্য কনফারেন্সে অংশগ্রহণ করেছেন তিনি। ২০০৪ সালে অন্ধদের জন্য তৈরি 'ইলেক্ট্রনিক আই' তাকে সিএনএন, বিবিসি, রয়টার্স নিউ ইয়র্ক টাইমস ও জাপান টাইমসসহ বিশ্বখ্যাত মিডিয়া থেকে স্বীকৃতি এনে দেয়। বৈজ্ঞানিক উদ্ভাবনের ফলস্বরূপ আন্তর্জাতিক ক্ষেত্রে দুটি পেটেন্ট রয়েছে শিক্ষায়-গবেষণায় অনন্য এই অধ্যাপকের। ইতোমধ্যে তার অধীনে উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রী পিএইচডি ও মাস্টার্স ডিগ্রীর রিচার্স থিসিস সম্পন্ন করেছেন।